R. N. No 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

'ছাউনির ক্ষেত্রে
অপূর্ব অবদান'
স্থায়িত্ব, নির্ভরতা, টেকসই ও মজবুতের জন্য একমাত্র এভারেষ্ট এ্যাসবেসটস শীট ব্যবহার করুন।
মহকুমার একমাত্র ডিলার :—
এস, কে, রায়
হার্ডওয়্যার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

৬৩শ বর্ষ
২৮শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২২শে অগ্রহায়ণ, বুধবার, ১৩৮৩ সাল।
৮ই ডিসেম্বর, ১৯৭৬ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৬৲, সডাক ৭৲

## অবিবাহিতের ভ্যাসাকটমি করায় হাসপাতালের সারজেন সাসপেণ্ড

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর মহকুমা হাসপাতালের সারজেন ডাঃ ডি তপাপাত্র সাসপেণ্ড হয়েছেন। খবরে প্রকাশ, তাঁর বিরুদ্ধে অভিযোগ সম্প্রতি তিনি এই হাসপাতালে আহিরণ গ্রামের অবিবাহিত একজন কিশোরের ভ্যাসাকটমি অপারেশন করেন। এই কিশোরটির নাম দিলীপকুমার সাহা, বয়স ১৬, বাঙ্গাবাড়ি হাই স্কুলের সপ্তম শ্রেণীর ছাত্র। সর্বশেষ খবরে জানা গেছে, দিলীপের প্রজনন ক্ষমতা অস্ত্রোপচারের মাধ্যমে পুনরায় ফিরিয়ে দেওয়া হবে। জঙ্গিপুর মহকুমা হাসপাতালে সারজেনের পদে কলকাতা থেকে ডাঃ মুখার্জী যোগ দিয়েছেন।

**সারটিফিকেট প্রথা প্রবর্তন :** ষ্টেরিলাইজেসনের আগে প্রকৃত সন্তানের চেয়ে কম সন্তান দেখিয়ে সর্বোচ্চ পরিমাণ অর্থ সরকারের কাছ থেকে গ্রহণের ঘটনা বৃদ্ধি পাওয়ায় রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী অজিত পাঁজা নতুন এক প্রথা প্রবর্তনের নির্দেশ দিয়েছেন। সেই নির্দেশ অনুসারে যাঁরা ভ্যাসাকটমি বা টিউবেকটমি অপারেশন করাবেন তাঁরা প্রকৃত কয়টি সন্তানের পিতা অথবা মাতা সে সম্পর্কে একটি সারটিফিকেট অঞ্চল প্রধান, এম এল এ, এম পি অথবা গেজেটেড অফিসারের কাছ থেকে নিয়ে দাখিল করতে হবে। ৯ নভেম্বরের পর থেকে এই প্রথা কার্যকর হয়েছে।

## পরিবার পরিকল্পনায় আদর্শ গ্রাম

বিশেষ প্রতিনিধি : জেলা মুখ্য স্বাস্থ্য অধিকর্তা সূত্রে প্রাপ্ত সংবাদ থেকে জানা গেছে যে, কান্দী মহকুমার বড়োঞা থানার বাড্ডা গ্রামের ১৮২ জন প্রজননক্ষম দম্পতির মধ্যে ১৪৫ জন ষ্টেরিলাইজেসন অপারেশন করিয়েছেন। অবশিষ্টদের মধ্যে ১২ জন মহিলা লুপ নিয়েছেন এবং 'এখন আর সন্তান নয়' নীতিতে বিশ্বাসী ১৩ জন নবদম্পতি গর্ভনিরোধক ওষুধ খাচ্ছেন অথবা নিরোধ ব্যবহার করছেন। অনুরূপভাবে রঘুনাথগঞ্জ ১নং ব্লকের বাঘা, সাগরদীঘি ব্লকের অলঙ্কার এবং নবগ্রাম ব্লকের রামচন্দ্রপুর গ্রামের প্রজননক্ষম সমস্ত দম্পতিই ষ্টেরিলাইজেসন অপারেশনসহ গর্ভনিরোধক সকল প্রকার ব্যবস্থাই অবলম্বন করেছেন।

## এবার মেদিনীপুর থেকে

নিজস্ব সংবাদদাতা, ৭ ডিসেম্বর — জঙ্গিপুর বাসষ্ট্যাণ্ডে একজন পুরুষ এবং একজন মহিলাকে সন্দেহজনকভাবে ঘোরাফেরা করতে দেখে জঙ্গিপুর ফাঁড়ির একজন হাবিলদার তাদের গ্রেপ্তার করে রঘুনাথগঞ্জ থানায় নিয়ে আসে। জিজ্ঞাসাবাদ করে পুলিশ জানতে পারে যে, মহিলার বাড়ি মেদিনীপুর জেলার কণ্টাই মহকুমার কুমারপাড়া গ্রামে, নাম ভারতী বেড়া। কিছুদিন আগে সন্তোষ নামে একজন যুবক সেখান থেকে তাকে বিয়ে করে রঘুনাথগঞ্জ থানার মহম্মদপুরে নিয়ে আসে এবং এক বন্ধুর বাড়িতে ভারতীকে রেখে দিয়ে 'এখনই আসছি' বলে চলে যায়। কিন্তু সে আর ফিরে আসেনি, আসবেও না কোনদিন। কারণ, পুলিশ খবর নিয়ে জেনেছে যুবকের বাড়ি বাঙলাদেশে। আসল নাম সফিকুল ইসলাম, সন্তোষ তার

(২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## আরো চাল-ধান আটক

রঘুনাথগঞ্জ, ৭ ডিসেম্বর—এস ডি ও, এস ডি পি ও, সি আই (পুলিশ) প্রভৃতির উপস্থিতিতে গত শুক্রবার এই থানার বড়জুমলায় ২৫-৬৭ কুঃ চাল ও ১ কুঃ ধান সমেত ৪টি ঘোড়াগাড়ি, ৬টি সাইকেল আটক করা হয়েছে এবং বিনা পারমিটে ধান-চাল বহনের অভিযোগে ১৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে। গতকাল উমরপুর মোড়ে একটি ট্রাক থেকে ৪০ কুঃ বে-আইনী চাল উদ্ধার ও আটক করা হয়েছে। এখানে ৯ জনকে গ্রেপ্তার করা হয়।

## আবার নৌকাডুবি, একজনের মৃত্যু

রঘুনাথগঞ্জ, ৭ ডিসেম্বর—এত হুঁশিয়ারী, এত সতর্কতা—সব ব্যর্থ করে দিয়ে জঙ্গিপুর পুরসভার অধীন ধনপতনগর ফেরীঘাটে ভাগীরথী নদীতে আবার একটি নৌকাডুবির ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার ভোরে যাত্রী-বোঝাই নৌকাটি ডুবে যায়। ফলে সেকেন্দ্রার ঘোড়সওয়ার বাহার সেখ নিখোঁজ হন। অন্যান্য যাত্রীরা সাঁতরে পারে ওঠেন। একদিন পর বাহার সেখের মৃতদেহটি উদ্ধার করা হয় বলে খবর পাওয়া গিয়েছে। পুরসভার ঘাটগুলিতে নিয়ম ভেঙ্গে বেশী যাত্রী পারাপারের ঘটনা এখন রোজনামচায় পরিণত হয়েছে।

## শরৎ জন্ম-শতবর্ষ উদ্‌যাপনের প্রস্তুতি

জঙ্গিপুর মহকুমা তথ্য ও জনসংযোগ দপ্তরের উদ্‌যোগে গত ২৮ নভেম্বর জঙ্গিপুর মহকুমা শাসকের পৌরোহিত্যে অনুষ্ঠিত এক সভায় মীরা সেনগুপ্ত, সত্যেন্দ্রনাথ বড়াল, ধূর্জটি বন্দ্যোপাধ্যায়, অজিত মুখোপাধ্যায়, জ্যোৎস্না বন্দ্যোপাধ্যায়, ডঃ সচ্চিদানন্দ ধর, ডাঃ গৌরীপতি চট্টোপাধ্যায়, অনুত্তম পণ্ডিত, বিশ্বপতি চট্টোপাধ্যায়, ধীরেন্দ্রনারায়ণ লস্কর এবং ডি পি কাঞ্জিলাল চক্রবর্ত্তীর উপস্থিতিতে জঙ্গিপুর মহকুমায় শরৎচন্দ্রের জন্ম শতবার্ষিকী পালনের জন্য একটি সাধারণ কমিটি গঠিত হয়। সভায় স্থির হয় যে, আগামী ১০ জানুয়ারী হতে ১৬ জানুয়ারী পর্যন্ত বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে শরৎ জন্ম-শতবার্ষিকী পালন করা হবে। ১০ জানুয়ারী দুপুর বারটায় রঘুনাথগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়ে মহকুমার বিদ্যালয়সমূহের ছাত্রছাত্রীদের মধ্যে 'শরৎ সাহিত্যে শিশু' এবং কলেজের ছাত্রছাত্রীদের মধ্যে 'শরৎ সাহিত্যে পল্লীজীবন' বিষয়ক প্রবন্ধ প্রতিযোগিতার ব্যবস্থা করা হবে। ১৪ জানুয়ারী সকালে এস ডি ও কোরটে বার বৎসর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের মধ্যে 'যেমন খুশি তেমনি আঁকো'

(২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য)



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২২শে অগ্রহায়ণ বুধবার, সন '৮৩ সাল।

## রাহুমুক্তির ইঙ্গিত

বর্তমান প্রবন্ধ লিখিবার প্রাক্কালে স্থানীয় বাজারে সরিষার তেলের কিলো প্রতি দরে দশ-দশা চলিতেছিল। এখন তাহা কাটাইয়া ব্যবসায়ীদের একাদশে বৃহস্পতি ঘটাইবার লক্ষণ দেখাইতেছে অর্থাৎ তৈলিক সম্প্রদায় এই নির্মম স্নেহ পদার্থটি সাড়ে দশ টাকা কিলো দরে বেচিতে শুরু করিয়াছেন। মানুষের দশায় কখনও হাতী কখনও মশা'-র কথা শুনা যায় ; কিন্তু সরিষার তেলের দর যে প্রতিদিনই হাতীত্বে পরিণত হইতেছে, তাহা অভাবিতপূর্ব। কেন্দ্রীয় অসামরিক সরবরাহ দফতরের মন্ত্রী মীর কাশিম কিছুদিন পূর্বে ঠিক যোগ্য মন্তব্যই করিয়াছেন যে, বর্তমানের এই সঙ্কট 'মরশুমী কারসাজি।' শীতের কল্যাণে দেহ মর্দনে অপরিহার্য সরিষার তেল ; বেগুন-কপি রন্ধনাদির জন্য সরিষার তৈলভুক বাঙ্গালীর পাকশালায় এই সময় উত্তপ্ত কটাহে তৈলের ঘটা একটু বেশীই হয়। কাজেই এমন এক মওকা ছাড়িয়া দিতে তেল-উৎপাদক অথবা মজুতদারদের নারাজ হইবারই কথা। তাই এই মরশুমী কারসাজিতে কাহার সাজি যে মা-লক্ষ্মীর আশীর্বাদী পুষ্পে প্রতিদিন ভরিয়া উঠিতেছে, তাহার আলোচনায় না গিয়া বলা যায়, দিন আগত ঐ। অতঃপর তৈল ব্যবসায়ীরা যে হিসাব দেখাইয়া তেলের দর বৃদ্ধির অনুকূলে যুক্তি দেখাইবেন, রাজ্য সরকার তাহা মানিবেন না। কেন না সরিষার তেলের দর প্রতিদিনই বাড়িবার অনুকূলে যথেষ্ট সঙ্গত কারণ নাই।

যে সময় তেলের দর উর্দ্ধায়িত হইতেছে, সে সময় এক সংবাদে জানা যায় যে, কলিকাতার রেল ইয়ার্ডে সরিষার তৈলপূর্ণ ট্যাঙ্ক বিপুল সংখ্যায় খালাসের অপেক্ষায় দিনের পর দিন গণিতেছে এবং এইজন্যই বাজারে তেলের অভাবজনিত দর বৃদ্ধি ঘটিতেছে। কোন্ অচ্ছেদ্য গ্রন্থি রেল ইয়ার্ডে তেলের ট্যাঙ্কগুলিকে ঘেরাও করিয়া রাখিয়াছে আমরা জানি না ; তবে সে গ্রন্থিমোচন খুবই জরুরী।

কয়েকদিন আগে উত্তর প্রদেশের সমবায় রাষ্ট্রমন্ত্রী শ্রীবিজয় ত্রিপাঠি কলিকাতায় বলিয়াছিলেন যে, পশ্চিমবঙ্গ সরকার অনুরোধ করিলে উত্তর প্রদেশ সরকার সরিষার তেল পাঠাইতে পারেন। সেখানে এই তেলের কিলো প্রতি দর সাড়ে ছয় টাকা যাহা এখানে খরচ-খরচা এবং গণেশ উপাসকদের 'শুভলাভ' বাবত খরচা ধরিয়া কিলো প্রতি সাত টাকা পঁচিশ পয়সা দরে বিক্রীত হইবার পক্ষে কোন অসুবিধার সম্মুখীন হইবে না। রাজ্যবাসীও দশের অন্তর্দশা হইতে রেহাই পাইবে। এইরূপ তৈল প্রাপ্তিতে কোন গ্রন্থি আছে কিনা আমরা জানি না।

তথাপি স্বীকার্য যে, শীত সবে আসরে নামিয়াছে। যাইতে দেরী আছে। শীতকালীন আনাজপত্র বেশ কিছুকাল থাকিবে। তাই সরিষার তেলের চাহিদা সর্বস্তরের মানুষের রহিবে। এমতাবস্থায় দর বৃদ্ধির অনুকূলে তৈল ব্যবসায়ীদের নানা যুক্তি প্রদর্শন খণ্ডন করিয়া রেল ইয়ার্ডের তেল খালাস এবং উত্তর প্রদেশের সমবায় রাষ্ট্রমন্ত্রী শ্রীত্রিপাঠির কথামত সেই রাজ্য সরকার কর্তৃক তৈল প্রেরণের সবুজ সঙ্কেত দান—এইগুলির পরিপ্রেক্ষিতে তৈল মূল্যবৃদ্ধির রাহুমুক্তি যত শীঘ্র ঘটে ততই মঙ্গল।

### এবার মেদিনীপুর থেকে

( ১ম পাতার পর )

ভাঁড়ানো নাম। বন্ধুটিকে গ্রেপ্তারের পর জামিনে মুক্তি দেওয়া হয়েছে। রঘুনাথগঞ্জ পুলিশের পক্ষ থেকে ভারতীর মা-বাবাকে খবর দেওয়া হয়েছে এবং ম্যাজিষ্ট্রেটের মাধ্যমে ভারতীকে সাময়িকভাবে উদ্ধার আশ্রমে রাখার ব্যবস্থা করা হয়েছে। উল্লেখ্য, বর্ধমান থেকে বন্দনা ঘোষকে অপহরণ করে নিয়ে আসার পর মেদিনীপুর থেকে ভারতীকে নিয়ে আসার ঘটনাটি রঘুনাথগঞ্জ থানায় দ্বিতীয়।

### বাসের চাকায় যাত্রী জখম

রঘুনাথগঞ্জ, ৬ ডিসেম্বর—জাতীয় সড়কে গতকাল একটি ষ্টেট বাসের চাকা পাম্পচার হয়ে গেলে বাসের ছাদ থেকে অন্য একটি চাকা নামানো হচ্ছিল। সেই সময় চাকাটি মংতুজ সেখ নামে একজন বাসযাত্রীকে ধক্কা মারে। ফলে গুরুতর আহত অবস্থায় তাঁকে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ভর্তি করতে হয়। খবরটি পুলিশী সূত্রের।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### দায়িত্বহীন পর্ষদের বলি মুর্শিদাবাদের ছাত্ররা

গত শনিবার রাত্রে মধ্য কলকাতার কলেজ ষ্ট্রীট এলাকার ডাবপট্টি থেকে পুলিশ মুর্শিদাবাদ জেলার ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক পরীক্ষার (কম্পার্টমেণ্টাল) ২৬৪ খানা খাতা উদ্ধার করেছে। একটি দৈনিকে প্রকাশিত এ খবর পর্ষদের দায়িত্বজ্ঞানহীনতাই প্রকাশ করে। খবরে প্রকাশ ছাপমারা ঐ খাতাগুলির একটি প্যাকেট ডাবপট্টিতে ড্রেনের ধারে পড়েছিল। কিন্তু কেন? কি করে গেল সেখানে? কেন পর্ষদ কর্তৃপক্ষের কারো কারো খামখেয়ালীপনায় মফঃস্বল বাংলার ছেলেরা এইভাবে বলি হবে? খাতাগুলো যদি না পাওয়া যেত? পরীক্ষা দিয়ে হাজার হাজার ছাত্রছাত্রী বন্ধু যখন পাস-ফেলের দিন গুণছেন তখন কার গাফিলতিতে খাতাগুলো ওখানে গেল পর্ষদের উচ্চ পদাধিকারী জবাব দেবেন কি? টোকাটুকি যখন এই সরকারের প্রচেষ্টায় বন্ধ হয়েছে কলকাতার কয়েকটি দৈনিক তখন 'মফঃস্বল বাংলার স্কুল-কলেজগুলিতে ঢালাও নকল চলছে' এই শিরোনামে সংবাদ প্রকাশ করছেন নির্লজ্জভাবে। বাড়ীতে বসে উড়ো সংবাদ লিখে ও প্রকাশ করে যে সমস্ত দৈনিকগুলো হাজার হাজার ছাত্র-ছাত্রীর সর্ব্বনাশ করলেন বলতে পারেন মফঃস্বলের কোন কোন কলেজে তাঁরা বিগত পার্ট'টু পরীক্ষা দেখতে গিয়েছিলেন? মুর্শিদাবাদের কলেজগুলোতে, বিশেষ করে এই জঙ্গিপুর কলেজে যে কঠোর ও শৃংখলার সঙ্গে পরীক্ষা গৃহীত হয়েছে তা প্রকাশের অপেক্ষা রাখে না। কেমনভাবে নকল বর্জিত ও সুষ্ঠুভাবে পরীক্ষা চলছে তা দেখে যাবার জন্য আমন্ত্রণ জানাই। কিন্তু তার আগে দোহাই আপনাদের, না জেনে কোন সর্ব্বনাশকারী কঠিন ভাষা যেন কোথাও প্রয়োগ না করেন। —বিমান হাজরা, জঙ্গিপুর কলেজ ছাত্র-পরিষদ পক্ষে।

### আবার ভুয়া ট্রাক

ধুলিয়ান, ৬ ডিসেম্বর—সামসেরগঞ্জ পুলিশ গতকাল জাতীয় সড়ক থেকে আরো একটি ট্রাক আটক করেছে, যার সবই ভুয়া। ব্লু বুকটি জাল। পুলিশের সন্দেহ, ট্রাকটি বহরমপুরের ভুয়া ট্রাকের কারবারী বাজপেয়ীর দলের। এখানে কয়েকদিন আগে অনুরূপ একটি ভুয়া ট্রাক আটক করা হয়েছিল।

## খেলার খবর

মিরজাপুর, ৫ ডিসেম্বর—গতকাল মিরজাপুর অঞ্চলের বৈদপুর গ্রাম পরিচালিত হা-ডু-ডু প্রতিযোগিতার সর্বশেষ খেলাটি কড়াইয়া ও হাজিপুর দলের মধ্যে অনুষ্ঠিত হয়। এই খেলায় কড়াইয়া দল হাজিপুর দলকে ১০ পয়েণ্টের ব্যবধানে পরাজিত করেন। মহঃ রওশন আলি ( কড়াইয়া ), মহঃ জুজাম বক্স ও মহঃ আলিমুদ্দিন ( হাজিপুর ) দলগত শ্রেষ্ঠ খেলোয়াড় বলে ঘোষিত হন।

### শরৎ জন্ম-শতবার্ষিকী

( ১ম পাতার পর )

প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এছাড়াও ১৫ জানুয়ারী শরৎ সাহিত্য সম্পর্কে এক মনোজ্ঞ আলোচনাচক্রের আয়োজন করা হবে এবং ১৬ জানুয়ারী জঙ্গিপুর টাউন ক্লাবে স্থানীয় নাট্যমোদীদের দ্বারা শরৎচন্দ্রের একটি নাটক মঞ্চস্থ হবে। যে কোন পর্যায়ের প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য ৩১ ডিসেম্বরের মধ্যে 'জঙ্গিপুর মহকুমা তথ্য ও জনসংযোগ আধিকারিক, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ' ঠিকানায় যোগাযোগের জন্য অনুরোধ জানানো হয়েছে।

### নজরুল স্মারক সংসদ

সম্মতিনগর, ৬ ডিসেম্বর—রঘুনাথগঞ্জ দু'নম্বর ব্লকের এই গ্রামে সম্প্রতি কবি নজরুল স্মারক সংসদ নামে একটি সংস্থা গঠিত হয়েছে। মনীন্দ্রনাথ বাগচীকে সভাপতি করে আপাততঃ দু'মাসের জন্য একটি অস্থায়ী এ্যাড হক কমিটি গঠন করা হয়েছে। সাংস্কৃতিক দিক থেকে পিছিয়ে থাকা এই ব্লকের সাংস্কৃতিক মান উন্নয়নে এই সংস্থা সচেষ্ট হবেন এবং এ মাসে একটি নজরুল স্মরণ-সভার আয়োজন করা হবে বলে জানানো হয়েছে।

### কৃষি প্রশিক্ষণ শিবির

সাগরদীঘিঃ সম্প্রতি সাগরদীঘি ব্লক কৃষি খামারে পঁচিশ জন চাষীর ১ দিনের এক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে আমন ধানে চাপান সারের প্রয়োজনীয়তা ও প্রয়োগ বিধি এবং আসন্ন রবি মরশুমে গমের চাষ সম্বন্ধে বিশদ আলোচনা করা হয়।

GOVT. OF WEST BENGAL

**Office of the Collector of Murshidabad**

**Excise Department**

# NOTICE

It is notified for information of the general Public that the Settlement of the following country spirit shops and foreigns liquor shop at the places noted against each of them in the district of Murshidabad for the period upto 31. 3. 1977 will be made by the Addl. District Magistrate, Murshidabad.

| Sl. No. | Location | Country spirit Police Station | Subdivision |
|---|---|---|---|
| 1. | Panchgram | Nabagram | Lalbagh |
| 2. | Raninagar | Raninagar | Lalbagh |
| 3. | Umarpore | Raghunathganj | Jangipur |
| 4. | Lalgola | Lalgola | Lalbagh |
| | | Foreign Liquor | |
| 1. | Jiaganj | Jiaganj | Lalbagh |

2. Applications are invited from intending candidates for settlement of the above noted excise shops for thep eriod upto 31. 3. 77 the applications should be addressed to the Addl. District Magistrate, Murshidabad, affixing thereon court-fee stamp worth 0'75 paise and should be submitted at the District Excise office at Berhampore on or before 30. 11. 76 at the latest.

3. It is also notified for information of the general Public that the exact sites on which these new shops will be permitted to be set up must be outside the shop of 12 point Minimum prohibition programme as enunciated by the Govt. of India as briefly prescribed hereunder

"No liquor shops should be distance of 500 metres from the places of worship, Educational Institutions of all categories and not Primary Schools, National Highways, Labour colonies and Basties and residential areas of town and villages ; and within 2 kms. in cases of Industrial undertakings, development & irrigation projects." Over and above the statutory rules regulating the location of shops, namely rules 61—66 of the rules published with Notification No. 595 SR dt. 30th March, 1915 as subsequently amended are strictly to be adherd to in matter of selection of sites.

4. Those who will not be able to provide suitable sites outside the scope of 12 Point Minimum prohibition programme as enunciated above and also the direction contained in the above notification need not apply.

5. Persons below the age of 21 years or holding excise licence individually or jointly or convicted of any non-bailable excise offence or in arrear of any kind of Govt. dues are not permitted to apply for the settlement of the above noted excise shops. They must be financially solvent to run the shop.

6. The candidates mnst being with them all certificates and other relevant documents in support of those statements and claim as may be recorded in the applications at the time of interview.

7. The Collector of Murshidabad reserves the right of rejecting any application without assigning any reason whatsoever.

8. Candidates are required to appear before A. D. M. Murshidabad for interview at their own expense on call.

9. The selected candidates will have furnish security deposit as required under the rules.

Sd- T. K. Bose
Addl. District Magistrate, Murshidabad.

## FORM OF APPLICATION

1. Name of the shop applied for—

2. Full Name of the applicant—

3. Father's Name—

4. Full address, past and present—

5. Present occupation—

6. Present age (as on 1. 11. 76)

7. Assets owned (Details to be furnished)—

8. Particulars of the proposed site where the shop is to be set up (Dag, Khatian No., Mouza, Police Station etc.)

9. Particulars of Excise shops, if any held either by applicant or any member of his family in this district or any where also in West Bengal.

10. Whether he has been convicted of any excise or non-bailable offence—

11. Whether he is in arrear of any kind of Govt. dues—

12. Whether he is a citizen of India—

13. Educational qualification—

14. Remarks—

Date........................ Signature of the applicant

Issued by the District Information & Public Relations Officer, Murshidabad.

### শ্রীরামকৃষ্ণ বিবেকানন্দ সেবাশ্রম

পোঃ পাঁচগ্রাম, মুর্শিদাবাদ

শ্রীরামকৃষ্ণ বিবেকানন্দ সেবাশ্রম ছাত্রাবাসে ৫ম-৮ম শ্রেণীতে সৎ প্রকৃতির ৪/৫টি ছাত্র ভর্ত্তি। মাধ্যমিক বিদ্যালয়ে পড়িবে। দুই বেলা কোচিং ১১ মাস পড়িবে। পূজোয় ১ মাস ছুটি।

মাসিক ব্যয় প্রায় ১১০.০০, দরখাস্ত প্রকাশের ৭ দিনের মধ্যে। ফরম ও নিয়মাবলী ডাকে ১.০০।

স্বামী শঙ্করাত্মানন্দ
পোঃ পাঁচগ্রাম, মুর্শিদাবাদ

### বিজ্ঞপ্তি

আমি শ্রীলক্ষ্মীনারায়ণ ঘোষাল, প্রধান, জামুয়ার অঞ্চল পঞ্চায়েত, পোঃ বাড়ালা (মুর্শিদাবাদ), আমার শারীরিক অসুস্থতা এবং অন্যান্য পারিবারিক কারণে, জামুয়ার অঞ্চল পঞ্চায়েত প্রধানের পদ হইতে ১৯/১১/৭৬ তারিখে পদত্যাগ করিলাম। এবং আমার পদত্যাগপত্র সরাসরি রঘুনাথগঞ্জ এক নং সমষ্টি উন্নয়ন আধিকারিক মহাশয়ের নিকট গ্রহণের জন্য দাখিল করিলাম।

### মৌলভী আবশ্যক

একজন এম, এম ও একজন এফ, এম মৌলভী আবশ্যক। ৩১/১২/৭৬ তারিখের মধ্যে আবেদন করুন।

সম্পাদক
ফুলসহরী সিনিয়ার মাদ্রাসা
(প্রস্তাবিত)
পোঃ রমনা সেখদীঘি
মুর্শিদাবাদ।

### জমি বিক্রয়

জঙ্গিপুর কলেজ হোষ্টেল সংলগ্ন জঙ্গিপুর গার্ল'স্ স্কুলের জমি বিক্রয় হইবে। ক্রয়েচ্ছু ব্যক্তি বিদ্যালয়ের সম্পাদক বা গণেশবাবু উকিলের সহিত যোগাযোগ করুন।

### জমি বিক্রয়

সাগরদীঘি থানার শীতলপাড়া গ্রামে এক দাগে ৫/৬ একর ধানী জমি বিক্রয় হইবে। খোঁজ নিন।

C/o. হেড মাষ্টার
সেখদীঘি হাই স্কুল
পোঃ রমনা সেখদীঘি
মুর্শিদাবাদ।

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি

**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**

পোঃ ধুলিয়ান (মুর্শিদাবাদ
সেলস্ অফিস: গৌহাটি ও তেজপুর
ফোন: ধুলিয়ান—২১

**এখন দুর্গাপুর সিমেন্ট**
**২১.৫০ পঃ মুল্যে**
**পাওয়া যাচ্ছে**

**মাঙ্গিলাল মুন্দ্রা** (ষ্টকিষ্ট)
জঙ্গিপুর ফোন - ২১
সৌজন্যে: **মুন্দ্রা বস্ত্রালয়**
জঙ্গিপুর ফোন—৩৯

**মণীন্দ্র সাইকেল ষ্টোরস্**
রঘুনাথগঞ্জ
হেড অফিস—**সদরঘাট**
ব্রাঞ্চ—**ফুলতলা**

বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস, ক্রয়ের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

### ১৩৮৩ সালের রঘুনাথগঞ্জ ফুলতলা মোড়ের শ্রীশ্রীআশাপূর্ণা কালীপূজার আয় ও ব্যয়ের হিসাব

| আয় | | ব্যয় | |
|---|---|---|---|
| ১৩৮২ সালের উদ্বৃত্ত টাকা | ৩০.০০ | প্রতিমা | ৩৪৭.০০ |
| ১৩৮৩ „ বিল মারফৎ আদায় | | প্রতিমা পাটের যাবতীয় খরচ | ১৫৪.০০ |
| | ৫৪৮.৮০ | ঢোল-সানাই বাজনা বাবদ | ৫০.০০ |
| ১৩৮৩ „ ১ম দিন হ'তে ৭ম দিন | | পূজা উপকরণ বাবদ | ২০০.০০ |
| প্রণামি | ২৪৮.০০ | ভোগ বাবদ | ৩৫১.০০ |
| ১৩৮৩ „ শহর আদায় | ৪৮৫.২০ | প্রতিমা নিরঞ্জন | ১৫০.০০ |
| | | প্রেস বাবদ | ৬০.০০ |
| | ১৩১২.০০ | | ১৩১২ ০০ |

হিসাব পরীক্ষা করিয়া দেখিলাম নির্ভুল হইয়াছে।

হিসাব পরীক্ষক—বিশ্বনাথ কর্ম্মকার এবং চরণ দাস

গুরুদাস সাহা—কোষাধ্যক্ষ, কার্ত্তিকচন্দ্র দাস—সম্পাদক পূজা কমিটি।

আর কয়লা ব্যবহারের প্রয়োজন নেই

**ধোঁয়াহীন জ্বালানী আজই ব্যবহার করুন**

- এতে ধোঁয়া একেবারেই হয় না।
- আঁচও বেশ জোরালো এবং বহুক্ষণ স্থায়ী হয়।
- কয়লা ভাঙ্গার কোন ঝামেলাই থাকে না।
- ★ রান্নার সরঞ্জামে কালো দাগ লাগার কোন প্রশ্নই উঠে না।
- হ্যাঁ, ঘরও বেশ পরিচ্ছন্ন থাকে।
- এর ব্যবহার ঠিক কয়লার মতই সহজ।
- ★ রান্নার পর জ্বলন্ত অবস্থায় এগুলোকে চিমটে দিয়ে তুলে ঠাণ্ডা করে রাখলে পরদিন আবার ব্যবহার করতে পারা যায়।

প্রস্তুতকারক—মডার্ণ ব্রিকেট্ ইনডাস্ট্রিজ
মির্জাপুর
রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

**জবাকুসুম**

তেল মাখা কি ছেড়েই দিলি?
তা কেন, দিনের বেলা তেল মেখে ঘুরে বেড়াতে
অনেক সময় অসুবিধা লাগে।
কিন্তু তেল না মেখে
চুলের যত্ন নিবি কি করে?
আমি তো দিনের বেলা
অসুবিধা হলে রাত্রে
শুতে যাবার আগে ভাল
করে জবাকুসুম মেখে
চুল আঁচড়ে শুই।
জবাকুসুম মাখলে
চুল তো ভাল থাকেই
ঘুমও ভারী ভাল হয়।

সি. কে. সেন অ্যাণ্ড কোং
প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস,
কলিকাতা, নিউ দিল্লী



রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।